# আরিফাবাদ আবাসিক মালিক কল্যাণ সমিতি

রেজি: নং: ঢ-০৮৮২৮, ফোন: ৮০০১২২২
ঠিকানা: আই/৩/৪, আরিফাবাদ হাউজিং সোসাইটি, রূপনগর, মিরপুর, ঢাকা - ১২১৬

## কার্যনির্বাহী পরিষদের ৮০তম সভার কার্যবিবরণী

গত ০৭ আগস্ট ২০২৬ ইং, শুক্রবার বাদ মাগরিব 'আরিফাবাদ আবাসিক মালিক কল্যাণ সমিতি'র কার্যনির্বাহী পরিষদের ৮০তম সভা সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় ২ জন সম্মানিত উপদেষ্টা এবং কার্যনির্বাহী পরিষদের ১৫ (পনের) জন সম্মানিত সদস্য উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন সমিতির সভাপতি জনাব এম. এ. খালেক এবং সভা পরিচালনা করেন সমিতির সাধারণ সম্পাদক প্রকৌশলী জনাব মোঃ হুমায়ুন কবির।

সভার শুরুতে সভাপতি সাহেবের অনুরোধক্রমে, সমিতির সদস্য জনাব মোঃ হুমায়ুন কবির পবিত্র কোরআন থেকে তিলাওয়াত করেন। সমিতির সাধারণ সম্পাদক প্রকৌশলী জনাব মোঃ হুমায়ুন কবির ৭৯তম কার্যনির্বাহী পরিষদের সভার কার্যবিবরণী পাঠ করেন, যা সভায় উপস্থিত সদস্যদের সর্বসম্মতিতে গৃহীত হয়। অতঃপর সমসাময়িক বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১) ৭৯তম কার্যনির্বাহী সভার সিদ্ধান্ত অনুযায়ী জুলাই মাসে সমিতির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু সভাপতি সাহেব ও তার পরিবারের সদস্যের শারীরিক অসুস্থতা ও অনিবার্য কিছু কারণে নির্ধারিত সময়ে সভাটি আয়োজন করা সম্ভব হয়নি। এ কারণে সভাপতি জনাব এম. এ. খালেক উপস্থিত সদস্যদের নিকট আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করেন। সভায় সভাপতি সাহেব আগামী ৪ সেপ্টেম্বর ২০২৬, শুক্রবার সমিতির বার্ষিক সাধারণ সভা আয়োজনের প্রস্তাব করেন। উপস্থিত সকল সদস্য প্রস্তাবটির প্রতি সম্মতি জ্ঞাপন করলে তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

তিনি আরও প্রস্তাব করেন, প্রতিবারের ন্যায় এবারও বার্ষিক সাধারণ সভা আয়োজনের জন্য সমিতির তহবিল থেকে কোনো অর্থ ব্যয় করা হবে না। সভার যাবতীয় ব্যয় সমিতির সম্মানিত উপদেষ্টা ও কার্যনির্বাহী পরিষদের সদস্যবৃন্দ ব্যক্তিগতভাবে বহন করবেন। উপস্থিত সকল সদস্য প্রস্তাবটির প্রতি সম্মতি জ্ঞাপন করেন। এছাড়া, আগামী ১৮ আগস্ট ২০২৬ এর মধ্যে সমিতির সকল সাধারণ সদস্যের নিকট বার্ষিক সাধারণ সভার আমন্ত্রণপত্র পৌঁছে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আরও সিদ্ধান্ত হয় যে, যেসব সাধারণ সদস্যের তিন মাসের অধিক সময়ের মাসিক চাঁদা বকেয়া রয়েছে, তাদেরকে বার্ষিক সাধারণ সভায় আমন্ত্রণ জানানো হবে না। এ পরিপ্রেক্ষিতে সকল সদস্যকে আগামী ৩০ আগস্ট ২০২৬ এর মধ্যে তাঁদের বকেয়া চাঁদা পরিশোধ করে সমিতির হিসাব হালনাগাদ করার জন্য অনুরোধ জানানো হয়।

২) সারা ঢাকা শহরের ন্যায় আরিফাবাদ আবাসিক এলাকাতেও সম্প্রতি বিভিন্ন ভবনে মোটরসাইকেল, পানির মোটর এবং জানালা দিয়ে মোবাইল ফোন চুরিসহ অন্যান্য চুরির ঘটনা বৃদ্ধি পাওয়ায় সভায় গভীর উদ্বেগ প্রকাশ করা হয়। এ পরিস্থিতিতে আবাসিক এলাকার সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণ ও চুরি প্রতিরোধে নিরাপত্তা প্রহরীদের দায়িত্ব পালনে আরও সতর্কতা, তৎপরতা ও কঠোরতা অবলম্বনের সিদ্ধান্ত গৃহীত হয়। একইসঙ্গে, নিরাপত্তা প্রহরীদের যথাযথভাবে দায়িত্ব পালন, নিয়মিত টহল প্রদান এবং আবাসিক এলাকার নিরাপত্তার বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

তিনি আরও জানান যে, সমিতির পক্ষ থেকে নিয়োজিত নিরাপত্তারক্ষীর সংখ্যা অত্যন্ত অপ্রতুল হওয়ায় সীমিত সংখ্যক নিরাপত্তারক্ষীর মাধ্যমে আবাসিক এলাকার সকল বাড়ির ২৪ ঘণ্টাব্যাপী সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা অত্যন্ত কঠিন। তাই এলাকার নিরাপত্তা আরও জোরদার করার লক্ষ্যে সকল সদস্যকে নিজ নিজ বাসাবাড়ির জন্য প্রয়োজনে নিজস্ব নিরাপত্তারক্ষী নিয়োগ, যেসব ভবনে ইতোমধ্যে নিরাপত্তারক্ষী রয়েছে তাদের নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করা এবং নিজ নিজ ভবনে সিসি ক্যামেরা স্থাপনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ জানানো হয়। এছাড়া, সাধারণ সম্পাদকের প্রস্তাবক্রমে, নিরাপত্তা বিষয়ক উপ-কমিটির কার্যকারিতা বৃদ্ধির লক্ষ্যে জনাব জানে আলমকে উপ-কমিটিতে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৩) সম্মানিত উপদেষ্টা জনাব কমান্ডার মোঃ নিজাম উদ্দিন সভায় প্রস্তাব করেন যে, দায়িত্ব পালনে কোনো নিরাপত্তা প্রহরীর অবহেলা, গাফিলতি বা শৈথিল্য পরিলক্ষিত হলে যথাযথ যাচাই ও তদন্ত সাপেক্ষে বেতন কর্তনসহ প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। একইসঙ্গে, নিরাপত্তা বিষয়ক উপ-কমিটিকে নিরাপত্তা প্রহরীদের সঙ্গে নিয়মিত নির্দেশনামূলক সভা ও কাউন্সেলিং এবং দায়িত্ব পালনের তদারকি করার পরামর্শ দেওয়া হয়। তিন শিফটে দায়িত্বপ্রাপ্ত নিরাপত্তা প্রহরীদের নির্ধারিত গেইট ও রাস্তায় অবস্থান এবং নিয়মিত টহল নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়। উপস্থিত সদস্যবৃন্দের সম্মতিক্রমে প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৪) সমিতির সম্মানিত উপদেষ্টা জনাব মোঃ শাহিন রহমান আরিফাবাদ আবাসিক এলাকার নিরাপত্তা জোরদারে অদক্ষ ও দায়িত্ব পালনে অনুপযুক্ত নিরাপত্তারক্ষী, বিশেষত খলিলসহ কয়েকজনকে অব্যাহতি দিয়ে দক্ষ ও চৌকস নিরাপত্তারক্ষী নিয়োগের প্রস্তাব করেন। পাশাপাশি নতুন সিসি ক্যামেরা স্থাপন এবং বর্তমান পরিচ্ছন্নতা কর্মীর পরিবর্তে নতুন পরিচ্ছন্নতা কর্মী নিয়োগের প্রস্তাব করেন। উপস্থিত সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে প্রস্তাবগুলো গৃহীত হয়।

৫) সিনিয়র সহ-সভাপতি জনাব আব্দুর রশিদ সভায় জানান, কিছু সদস্য দীর্ঘকাল ধরে মাসিক চাঁদা পরিশোধ করছেন না। তাঁদের প্রাথমিকভাবে আনুষ্ঠানিক নোটিশ প্রদান এবং পরবর্তীতে বকেয়া পরিশোধ না করলে সমিতির বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়। এছাড়া, দীর্ঘদিন ধরে সদস্যপদ গ্রহণ না করা ফ্ল্যাট মালিকদের দ্রুত সদস্যপদের আওতায় আনার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের আহ্বান জানানো হয়। এছাড়া, এখনো কিছু বাড়ি/ফ্ল্যাট মালিক সমিতি কর্তৃক নির্ধারিত হারে চাঁদা পরিশোধ না করায়, তাদের নিকট থেকে নির্ধারিত হারে চাঁদা আদায়ের উদ্যোগ নেওয়ার প্রস্তাব করা হয়। প্রস্তাবগুলো সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৬) সমিতির সহ-সাধারণ সম্পাদক জনাব নজরুল ইসলাম সভায় অবহিত করেন যে, কিছু ভবনের সামনে দীর্ঘদিন ধরে ময়লা-আবর্জনা ও নির্মাণবর্জ্য জমে থাকায় পরিবেশ অপরিচ্ছন্ন হয়ে পড়ছে। এ পরিপ্রেক্ষিতে সকল ভবন মালিককে নিজ নিজ ভবনের সামনে ময়লা-আবর্জনা ও নির্মাণবর্জ্য অপসারণ করে স্থানটি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য অনুরোধ করা হয়।

৭) সমিতির যুগ্ম সাধারণ সম্পাদক জনাব মো: ইসমাইল বাবলু সভায় অবহিত করেন যে, পূর্বপরিকল্পনা অনুযায়ী আরিফাবাদ মালিক সমিতির অফিসিয়াল ওয়েবসাইট (**www.arifabad.com**) ইতোমধ্যে প্রস্তুত করা হয়েছে এবং বর্তমানে এটি পরীক্ষামূলকভাবে লাইভে রয়েছে। আগামী বার্ষিক সাধারণ সভায় ওয়েবসাইটটির আনুষ্ঠানিক উদ্বোধন করা হবে। ওয়েবসাইটটির পূর্ণাঙ্গ ব্যবহার, ডিজিটাল আর্থিক ব্যবস্থাপনা, চাঁদা পরিশোধের নোটিফিকেশনসহ অন্যান্য সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে সকল সাধারণ সদস্যের মোবাইল নম্বর, ই-মেইল ও জন্মতারিখ প্রয়োজন। তাই সকল সদস্যকে উক্ত তথ্যসমূহ কেয়ারটেকার জনাব নয়নের নিকট প্রদানের জন্য অনুরোধ করা হয়। সভা থেকে আরও জানানো হয়, সমিতির সদস্যদের সকল ব্যক্তিগত তথ্য সর্বোচ্চ গোপনীয়তা ও নিরাপত্তার সঙ্গে সংরক্ষণ করা হবে।

৮) সমিতির অর্থ-সম্পাদক জনাব এ.এস.এম আক্তার হোসেনের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে এলাকার প্রধান গেইটগুলো নাজুক হয়ে পড়ায় প্রয়োজনীয় মেরামত এবং ১ নম্বর গেইটে নিরাপত্তারক্ষীদের জন্য একটি সিকিউরিটি পোস্ট নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৯) সভায় সর্বসম্মতিক্রমে আবাসিক এলাকার অভ্যন্তরে অবস্থিত সকল দোকান থেকে মাসিক ৫০০ (পাঁচশত) টাকা হারে সার্ভিস চার্জ আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

১০) সভায় একটি অভিযোগ উত্থাপিত হয় যে, রোড-১-এর এল-১ ভবনের দারোয়ান ও তাঁর স্ত্রী বিভিন্ন সময়ে আশেপাশের প্রতিবেশী ও বাড়ির মালিকদের সঙ্গে অশোভন ভাষায় কথা বলা ও অসদাচরণ করে আসছেন। বিষয়টি পর্যালোচনা করে সংশ্লিষ্ট ভবনের সভাপতি/সেক্রেটারি অথবা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে উক্ত দারোয়ান পরিবর্তন করে তাঁর স্থলে নতুন দারোয়ান নিয়োগের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়।

১১) সম্মানিত উপদেষ্টা জনাব মোঃ শাহিন রহমান সমিতির অফিস কক্ষের জন্য ৪ (চার) টি এক্সিকিউটিভ সুইভেল চেয়ার অনুদান হিসেবে প্রদান করায় সমিতির পক্ষ থেকে তাঁকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানানো হয়।

আজকের সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায়, সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং নিজ খরচে আপ্যায়নের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ধন্যবাদান্তে

এম. এ. খালেক
সভাপতি

প্রকৌশলী মো: হুমায়ুন কবির
সাধারণ সম্পাদক